বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
(পেট্রোবাংলার একটি প্রতিষ্ঠান)
www.bapex.com.bd

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স |
| তারিখ | : | ০২-০৩-২০২০ |
| সময় | : | সকাল : ১১.০০ ঘটিকা |
| স্থান | : | বাপেক্স বোর্ড রুম |

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের জন্য বাপেক্স এর করণীয় নির্ধারণের উদ্দেশ্যে অদ্যকার সভায় উপস্থিত বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট উমহাব্যবস্থাপকগণসহ সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত পরামর্শের আলোকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের করণীয় নির্ধারণের উদ্দেশ্যে মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৬-০২-২০২০ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কোম্পানি পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠান/কর্মসূচি পালনের জন্য যে সকল নির্দেশনা/সিদ্ধান্ত প্রদান করা হয়েছে তন্মধ্যে বাপেক্স এর জন্য প্রযোজ্য ও সংশ্লিষ্ট নির্দেশনা/সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্দেশ্যে অদ্যকার সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রম | আলোচনা বিষয়বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | জাতীয় পতাকা উত্তোলন | জাতীয় পতাকা উত্তোলন সংক্রান্তে বিস্তারিত আলোচনা শেষে ১৭ই মার্চ, ২০২০ তারিখে এ বাপেক্স এর প্রধান কার্যলয়সহ সকল দপ্তর ও স্থাপনায় জাতীয় পতাকা উত্তোলন এর সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ/ উপবিভাগ/ আঞ্চলিক কার্যালয়/ প্রকল্প/স্থাপন প্রধান |
| ০২ | মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন। এ বিষয়ে মহাব্যবস্থাপক ও উপমহাব্যস্থাপকগণ জানান, বাপেক্সের প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও সকল স্থায়ী/অস্থায়ী স্থাপনায় মসজিদ/নামাজের স্থান রয়েছে। সভাপতি সকল স্থাপনায় ১৭ই মার্চ ২০২০ তারিখে মোনাজাত ও প্রার্থনার আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | বাপেক্স-এর প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয়সহ সকল স্থাপনায় বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করতে হবে। | সকল দপ্তর/স্থাপনা/ প্রকল্প প্রধান |
| ০৩ | প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বাপেক্স-এর প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয়সহ সকল স্থাপনাসমূহে প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন | সকল বিভাগ/ উপবিভাগ/ আঞ্চলিক কার্যালয়/প্রকল্প/স্থাপন প্রধান |

| | | | |
|---|---|---|---|
| | | ইত্যাদির মাধ্যমে সজ্জিত করতে হবে। | |
| ০৪ | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জার ব্যবস্থা করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি এ বিষয়ে বাপেক্স ভবনে ১৭ ও ১৮ মার্চ ০২ দিন পর্যন্ত আলোকসজ্জা করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন। | বাপেক্স ভবনে ১৭ ও ১৮ মার্চ ০২ দিন পর্যন্ত আলোকসজ্জা করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ০৫ | জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরীকৃত থিম সং ব্যবহারের বিষয়ে সভায় আলোচনা হয়। | বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সং প্রাপ্তির পর সকল বিভাগ ও স্থাপনায় ব্যবহার করতে হবে। | আইসিটি উপবিভাগ, পরিকল্পনা বিভাগ |
| ০৬ | বছরব্যাপী ইলেকট্রনিক, প্রিন্ট, সোশ্যাল মিডিয়া, মোবাইল ফোন ইত্যাদিতে জ্বালানি সেক্টর সম্পার্কিত বিভিন্ন তথ্য, জনসচেতনামূলক কার্যক্রম (যেমনঃ এলপিজি, সিএনজি গ্যাস ও জ্বালানি তেল ব্যবহার, দুর্ঘটনা প্রতিরোধ ইত্যাদি) প্রচারণা। | আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনাশেষে আগামী ১৭ই মার্চ, ২০২০ তারিখের মধ্যে ভিডিও ক্লিপ প্রস্তুত/সংগ্রহ করে জনসচেতনতা তৈরির লক্ষ্যে বছরব্যাপী প্রচারের সিদ্ধান্ত হয়;<br>খ) পোস্টার, ব্যানার ও ড্রপডাউন দ্বারা বাপেক্স ভবন সজ্জিত করতে হবে। | আইসিটি উপবিভাগ, পরিকল্পনা বিভাগ |
| ০৭ | সভায় বাপেক্স-এর দাপ্তরিক পত্রাদি ও লেটার প্যাডে মুজিব বর্ষের লোগো ব্যবহার এবং ওয়েবসাইটে লোগো ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে দাপ্তরিক পত্রাদি, লেটার প্যাড ও ওয়েবসাইটে মুজিব বর্ষের লোগো ব্যবহারের বিষয়ে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। | বাপেক্সের দাপ্তরিক পত্রাদি ওয়েবসাইটে মুজিব বর্ষের লোগো ব্যবহার করতে হবে। | উপমহাব্যবস্থাপক (আইসিটি) |
| ০৮ | মুজিব বর্ষ এবং জ্বালানি সপ্তাহ-২০২০ উপলক্ষে ব্যয় নির্বাহের জন্য বাজেট বরাদ্দ রাখতে হবে। | ক) মুজিব বর্ষ এবং জ্বালানি সপ্তাহ-২০২০ উপলক্ষে ব্যয় নির্বাহের জন্য বাজেট বরাদ্দ রাখতে হবে এবং বরাদ্দ হতে ব্যয় নির্বাহ করতে হবে। | মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) |
| ০৯ | বাপেক্স-কে Paperless Office-এ রূপান্তর, তথ্য আর্কাইভ করা, আধুনিক স্টোর স্থাপন, ফায়ার Saftey নিশ্চিত করে সর্বোচ্চ নিরাপত্তা গড়ে তোলা এবং দাপ্তরিক কর্মপরিবেশ উন্নতকরণসহ সৌন্দর্যবর্ধন কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | ক) আগামী ৩ বছরের মধ্যে বাপেক্স-কে Paperless Office করতে হবে; এবং কোম্পানীর সার্বিক কার্যক্রম আধুনিকায়ন করতে হবে। | আইসিটি উপবিভাগ পরিকল্পনা বিভাগ |
| ১০ | প্রতিদিন এক ঘন্টা করে স্বেচ্ছায় বেশি কাজ করার বিষয়ে সভায় সর্বসম্মতভাবে একমত পোষণ করা হয়। | মুজিব বর্ষ উপলক্ষে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে | সকল মহাব্যবস্থাপক এবং স্থাপনা ও প্রকল্প প্রধান |

| | | | |
|---|---|---|---|
| | | স্বেচ্ছায় প্রণোদিতভাবে প্রতিদিন ০১ (এক) ঘন্টা বেশি কাজ করতে হবে। | |
| ১১ | উদ্বোধনের দিন কোম্পানির সদর দপ্তর, আঞ্চলিক কার্যালয় এবং অন্যান্য প্রকল্পসমূহে দিন ব্যাপী নিজস্ব কর্মসূচি পালনের পাশাপাশি বিকাল ৪.০০ টা থেকে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠান আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠানের সঙ্গে সরাসরি যুক্ত হবে। | উদ্বোধনের দিন বাপেক্স এর সদর দপ্তর, আঞ্চলিক কার্যালয় এবং অন্যান্য প্রকল্পসমূহে দিন ব্যাপী নিজস্ব কর্মসূচি পালনের পাশাপাশি বিকাল ৪.০০ টা থেকে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠান আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠানের সঙ্গে অনলাইন-এ সরাসরি যুক্ত হবে। | আইসিটি উপবিভাগ<br>পরিকল্পনা বিভাগ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২.৬.২০২০

ব্যবস্থাপনা পরিচালক

বাপেক্স